



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/জা/২০১৯/১৫৬৫

তারিখঃ ১১/০৯/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ বিদ্যালয়ের স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্রঃ তাঁর ১৬/০৭/২০১৯ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তসমূহের অধীনে “শিহাটা গমিজ উদ্দিন হাই স্কুল এন্ড কলেজ”এর ০১/০১/২০১৯ খ্রিঃ থেকে ৩১/১২/২০২১ তারিখ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য স্বীকৃতির সময়সীমা অস্থায়ীভাবে বৃদ্ধি করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

### শর্তসমূহঃ

- ১। প্রশিক্ষণবিহীন স্নাতক শিক্ষকগণকে পর্যায়ক্রমে প্রশিক্ষণে প্রেরণসহ জুনিয়র শিক্ষক/শিক্ষিকাগণের শিক্ষাগত যোগ্যতা বৃদ্ধির জন্য বিধি মোতাবেক সুযোগ দিতে হবে।
- ২। বিদ্যালয়ের স্থায়ী শিক্ষক/শিক্ষিকাগণের জন্য গ্রুপ ইন্স্যুরেন্স ও প্রভিডেন্ট ফান্ড চালু করে বোর্ডকে অবহিত করতে হবে।
- ৩। একজন প্রশিক্ষণপ্রাপ্ত শরীরচর্চা শিক্ষক নিয়োগ করে শিক্ষার্থীদের আবশ্যিকভাবে খেলাধুলায় অংশগ্রহণ করানো এবং খেলাধুলায় মানোন্নয়নে সচেষ্ট হতে হবে।
- ৪। বিজ্ঞানাগারের জন্য কমপক্ষে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি ক্রয় করে ভাউচারসহ সরঞ্জামের তালিকা পেশ করতে হবে।
- ৫। বিদ্যালয় পাঠাগারে, মানসম্মত বিষয়ভিত্তিক আরো ৩,০০০ (তিন হাজার) টাকার বই ক্রয় করে ভাউচারসহ বইয়ের তালিকা জমা দিতে হবে এবং শিক্ষার্থীদের জন্য জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠাভ্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।
- ৬। খেলাধুলার মাঠ উন্নয়নসহ বিদ্যালয় আঙ্গিনায় ফুলের বাগান তৈরী এবং বিদ্যালয়ের চারপাশে অধিক সংখ্যক মূল্যবান গাছের চারা রোপন করে বিদ্যালয়ের সৌন্দর্য ও আয় বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।
- ৭। বিদ্যালয়ে স্কাউটিং/গার্লস গাইড প্রবর্তন করে নিয়মিত খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতা, সাংস্কৃতিক কার্যক্রমসহ অন্যান্য সহপাঠ্যক্রম কার্যাদির বার্ষিক রিপোর্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে।
- ৮। বিদ্যালয়ের এসএসসি পরিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি ও ফল আরো ভাল করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

প্রাপকঃ প্রধান শিক্ষক

শিহাটা গমিজ উদ্দিন হাই স্কুল এন্ড কলেজ (EIN-130838)


উপজেলাঃ মেলান্দহ, জেলাঃ জামালপুর।

মেমো নং- ১৫৬৫(৭)

তারিখঃ ১১/০৯/২০১৯ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- ৩। জেলা প্রশাসক, জামালপুর।
- ৪। পরিচালক, বেনবেইস নীলক্ষেত, ঢাকা।
- ৫। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৬। জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
- ৭। অফিস কপি।

  
11.9.19

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

